



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া



২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের সংশোধিত বিজ্ঞপ্তি

তারিখ : ২৩ বৈশাখ ১৪৩১
৬ মে ২০২৪

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৫/২০২৪ খ্রি. তারিখ হতে ২০/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েব সাইট www.nu.ac.bd/admissions এর **Masters Tab** এ গিয়ে **Apply Now (Master's Private)** অপশন ক্লিক করে যথাযথ নিয়মে রেজিস্ট্রেশন ফরম ডাউনলোড করতে হবে। অতঃপর **ekpay** পেমেণ্ট গেটওয়ের মাধ্যমে যেকোন মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ও ব্যাংক কার্ড ব্যবহার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের রোলার অনুকূলে টাকা ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) পরিশোধ করে নিম্নে উল্লিখিত কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন বিষয়ক অন্যান্য যাবতীয় তথ্যাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions-তে পাওয়া যাবে।

আবেদন ফরম জমাদানের তারিখ: ০৮/০৫/২০২৪ খ্রি. হতে ২১/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত


আবেদন ফরম জমা দানের সময় : প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বেলা ০৩:০০ টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

আবেদনের যোগ্যতা :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

প্রয়োজনীয় কাগজপত্র :

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত রেজিস্ট্রেশনের আবেদন ফরমসহ ফটোকপি ১টি।
- ২। স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের সনদ ও নম্বরপত্রের ফটোকপি;
- ৩। স্নাতক (সম্মান)/ মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- ৪। প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;
- ৫। শিক্ষার্থীর নিজের ও পিতা-মাতা/অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ১টি করে।
- ৬। দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি।
- ৭। আবেদনপত্রের সাথে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পরিশোধের স্লিপের প্রিন্ট নিয়ে জমা দিতে হবে।


প্রফেসর খোন্দকার কামাল হোসান (৫৬১৩)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর খোন্দকার কামাল হোসান (৫৬১৩)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।